

## সঞ্চারিণীর দু'টি আঞ্চলিক কবিতা



### কোন অণলে পুড়ি

পরাণ . . .

দেহি কোমনে ভুইল্যা থাকবার চাও ,  
কোমনে ভুইল্যা থাকো আমারে  
অন্তর তুষের অণলে পুড়ায়  
পুড়ায় যৌবণ নিরন্তর

তোমারে তো মন দিছি

জানো সবই

জ্বলেনা কি তোমারও শরীল ?

পুড়ায়না কি তোমারও ওই মন ?

বাসনার জলছাপ অন্তর !

আমি কি মিছা কই ?

সাক্ষারে তুমিই তো অস্বীকার যাও

ভালবাইস্যাও কষ্ট ক্যান চাইপ্যা রাখ ?

বুকে ক্যান টাইন্যা না লও . . .

সব বুইঝাও দূরে আছ ,

দূরেই থাকো


স্বার্থপর !

কি কইবার চাও ? খুইল্যা কও

কি আর কইবা ? জানিইতো

এই তো কইবা -

আমি তোমার কেউনা, তুমিই আমার সব !



### পরাণের কাছাকাছি

রুধিরে

জিজ্ঞাসিনু আমি,

- কাহার ও লাগিয়া এমন ;

হইনু উচাটন ?

কহিল : ভালবাসার মানুষ সেইজন ।

জিজ্ঞাসিনু রাখাচুড়ায় ,

-কেন নও লাল ?

:চুরিয়াছে কৃষ্ণচূড়া ,

উত্তরে কইছিল ।

-কেন ভালবাসা হয় ?

কেনইবা প্রেম আসে ?

: মানুষ য্যান যুগ-যুগ

মাইনষ্যে ভালবাসে ।

-আমার পরাণে করিল কে ক্ষত ?

:পরাণ যার ঠিক , তোমারি মত !

-পরাণটারে ছাড়ি, ক্যামনে কও বাঁচি ?

:পরাণটারে রাখ তার ,

পরাণের কাছাকাছি ।

\* ~ Soncharini ~ \*

e-mail :

Soncharini@gmail.com